দৈনিক ইনকিলাব

তারিখ 23 JUN 2008

ইনকিলাব

# সরকার কওমী মাদরাসার সাথে বিমাতাসুলভ আচরণ করছে

## —কওমী মাদরাসা শিক্ষা বোর্ড মহাসচিব

**শিবচর (মাদারীপুর) উপজেলা সংবাদদাতা**

বিদেশীদের চাপে সরকার কওমী মাদরাসার সাথে বিমাতাসুলভ আচরণ করছে। আমরা বর্তমান সরকারের সাথে অনেকবার দেখা করতে চেয়েছি কিন্তু তারা নিরুৎসাহী। উল্টো স্বরাষ্ট্র উপদেষ্টা ক'দিন আগে বলেছেন, জোট সরকার রাজনৈতিক কারণে কওমী মাদরাসার স্বীকৃতি দিয়েছে। অথচ এই সরকার ক্ষমতায় আসার পর সবার মত আমরাও আশায় বুক বেঁধেছিলাম। গত শনিবার বিকেলে শিবচরের বাহাদুরপুরের জামিয়াতুস সুন্নাহ মাদরাসায় মাদরাসা শিক্ষা সম্মেলন শীর্ষক আলোচনা সভা শেষে সাংবাদিকদের সাথে আলাপকালে বাংলাদেশ কওমী মাদ্রাসা শিক্ষা বোর্ডের মহাসচিব মাওলানা আঃ জব্বার একথা বলেন। মাদরাসার প্রিন্সিপাল মুফতী হোসাইন আহমাদের সভাপতিত্বে সম্মেলনে আরো বক্তব্য রাখেন হাজী শরীয়াতুল্লাহ (রহঃ) উত্তরসূরি হাফেজ মাওলানা আবদুল্লাহ মুহাম্মদ হাসান, প্রিন্সিপাল মাওলানা আকরাম হোসাইন, মাওলানা আতাউর রহমান প্রমুখ। সভা শেষে হাজী শরীয়াতুল্লাহ (রহঃ) উত্তরসূরি হাফেজ মাওলানা আবদুল্লাহ মুহাম্মদ হাসানকে সভাপতি, মাওলানা আকরাম হোসাইনকে সহ-সভাপতি, জামিয়াতুস সুন্নাহ মাদরাসার প্রিন্সিপাল মুফতী হোসাইন আহমদকে সেক্রেটারী করে মাদারীপুর জেলা বেফাক কর্মসূচী বাস্তবায়ন কমিটি গঠিত হয়।